পরিসংখ্যান ভবনে জাতির পিতার ম্যুরাল: একটি ঐতিহাসিক স্থাপনা

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি দারিদ্র্য ও ক্ষুধামুক্ত সুখী, সমৃদ্ধশালী উন্নত সোনার বাংলাদেশ গড়ার লক্ষ্যে আজীবন কাজ করে গেছেন। তথ্য ও বিজ্ঞানভিত্তিক পরিকল্পনা প্রণয়ন, সুষম উন্নয়ন ও পরিকল্পিত বাংলাদেশ গড়ার অন্যতম অনুষঙ্গ হিসেবে ১৯৭৪ সালের ১৮ সেপ্টেম্বর ৪ (চার) টি পৃথক প্রতিষ্ঠান যথাক্রমে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন আদমশুমারি কমিশন একীভূতকরণের মধ্য দিয়ে বিবিএস নামে একটি প্রতিষ্ঠান গঠন করে বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থাকে একটি সুদৃঢ় ও সমন্বিত ভিত্তির উপর প্রতিষ্ঠিত করেন। বিবিএস এর সার্বিক কর্মকান্ড সমন্বয়, তত্ত্বাবধান ও সাচিবিক সহযোগিতা প্রদানের জন্য ১৯৭৫ সালের ৩ জুলাই বঙ্গবন্ধু কর্তৃক পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন পরিসংখ্যান বিভাগ সৃজিত হয়। তাই বলা যায়, স্বাধীনতাত্তোর বিবিএস এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মূলত: জাতির পিতার হাতে গড়া দুটি অনন্য প্রতিষ্ঠান।

স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠা এবং বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিক ভিত্তির উপর দাঁড় করানোর ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ পরিসংখ্যান ভবনের লবিতে স্থাপন করা হয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুবিস্তৃত একটি ম্যুরাল (সাড়ে দশফুট X বার ফুট) যা স্বাধীনতা, সাম্য, একতা ও আমাদের গর্ব ও অহংকারের প্রতীক। জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব হিসেবে যোগদানের পর বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপনের বিষয়টি আলোচনায় উঠে আসে। তিনি পরিসংখ্যান ভবনে জাতির পিতার ম্যুরাল স্থাপনকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেন। বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও আদর্শের প্রতি তাঁর ঐকান্তিক আগ্রহ ও শ্রদ্ধাবোধের জন্যই ম্যুরালটি দ্রুততম সময়ে এবং সুনিপুণভাবে নির্মিত হয়। ম্যুরাল নির্মাণের জন্য কমিটি গঠন, ডিজাইন ও শিল্পি নির্বাচন এবং স্থান নির্বাচনসহ বাস্তবায়নের প্রতিটি ক্ষেত্রে সচিব

মহোদয়ের ভূমিকা ছিল প্রনিধানযোগ্য। তাঁর উৎসাহ, উদ্দীপনা, অনুপ্রেরণা ছাড়া ম্যুরাল স্থাপন কমিটির পক্ষে এত সুনিপুণ, সর্বজনগ্রাহ্য এবং সর্বমহলে প্রশংসনীয় ম্যুরালটি নির্মাণ করা কষ্টসাধ্য ছিল।

ম্যুরাল নির্মাণ কমিটি

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অফিস আদেশ নং ৫২.০০.০০০০.০০৬.১৬.০২৬.৮৮ (অংশ-১)-১০৯ তারিখঃ ০৯-০৮-২০১৮খ্রি. মোতাবেক ম্যুরাল নির্মাণের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব জনাব মো: দিলদার হোসেন, প্রকল্প পরিচালক, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট-কে আহ্বায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠিত হয়ঃ

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে দায়িত্ব
০১	জনাব মো: দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	আহ্বায়ক
০২	জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক, সেন্সাস উইং, বিবিএস	সদস্য
০৩	জনাব মোহাম্মদ সেলিম সরকার, উপপরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস	সদস্য
০৪	জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস	সদস্য
০৫	জনাব মো. জাকির হোসেন, আয়ন ব্যয়ন কর্মকর্তা, বিবিএস	সদস্য
০৬	জনাব মো: আনোয়ার হোসেন, সি. সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সদস্য-সচিব

ম্যুরাল স্থাপনের স্থান নির্বাচন

কমিটির আহ্বায়ক জনাব মো: দিলদার হোসেনের নেতৃত্ব ও আন্তরিকতায় কমিটি দ্রুততম সময়ের মধ্যে ম্যুরাল স্থাপনের স্থান নির্বাচনের জন্য মহাপরিচালক ও উপমহাপরিচালক বিবিএস এর সাথে সাক্ষাতপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে অভ্যর্থনা অংশটিতে ম্যুরাল স্থাপন এবং অভ্যর্থনা অংশটি লবির পশ্চিম পাশে পুন:স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় । ম্যুরাল স্থাপনে ভবনের মূল নকশা ও কাঠামো যাতে কোনভাবেই ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে সর্বোচ্চ দৃষ্টি রাখা হয়।

ম্যুরালের ডিজাইন ও শিল্পী নির্বাচন :

যথাযোগ্য সম্মান ও মর্যাদা বজায় রেখে বঙ্গবন্ধুর মূল প্রতিকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ একটি ম্যুরাল নির্মাণ ছিল এক বিরাট চ্যালেঞ্জ। এর ডিজাইন নির্বাচনের জন্য গঠিত কমিটি কর্তৃক ঢাকা শহরে নির্মিত বিভিন্ন চিত্রকর্ম যেমন: বঙ্গবন্ধু আন্তর্জাতিক স্টেডিয়ামের ম্যুরাল, ওসমানী মিলনায়তনের ম্যুরাল, রায়ের বাজার বধ্যভূমি এবং সমবায় অধিদপ্তরে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরাল সরেজমিনে পরিদর্শন করা হয়। ম্যুরালটি নির্মাণে শিল্পী নির্বাচনের ক্ষেত্রে প্রখ্যাত চিত্রশিল্পী জনাব হাশেম খাঁন ও দেশ বরেণ্য চিত্রশিল্পী জনাব শাহাবুদ্দিন আহমেদের নির্দেশনা ও পরামর্শ কমিটি সাদরে গ্রহণ করে। কমিটি ম্যুরাল নির্মাণে দক্ষ এমন কয়েকজন শিল্পীর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন এবং সাক্ষাতকার গ্রহণের পর সার্বিক দক্ষতা, আন্তরিকতা ও দ্রুততম সময়ের মধ্যে ম্যুরালটি নির্মাণের উদ্দেশ্যকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিক্ষক ও শিল্পী জনাব দুলাল চন্দ্র গাইন এর ডিজাইন গ্রহণপূর্বক তাঁকে ম্যুরাল ও পাশ্ববর্তী দেয়ালে টেরাকোটা নির্মাণের দায়িত্ব প্রদান করা হয়। এছাড়াও চারুকলা অনুষদের ছাত্র জনাব প্রিন্স শীলকে ম্যুরালের ভাব গাম্ভীর্যের সাথে বজায় রেখে পুরো লবির সৌন্দর্য বর্ধনের দায়িত্ব প্রদান করা হয়।

ম্যুরাল প্রস্তুত ও স্থাপন :

বিবিএস এর মহাপরিচালক ড. কৃষ্ণা গায়েন ২০১৮ সালের ১০ সেপ্টেম্বর পরিসংখ্যান ভবনে ম্যুরাল স্থাপনের কাজ অনানুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। ১৫ সেপ্টেম্বর ২০১৮ হতে অভ্যর্থনা অংশটি সরানো এবং ম্যুরাল ও

টেরাকোটার ফ্রেম তৈরির কাজ শুরু করা হয় এবং সেপ্টেম্বর ২০১৮ মাসজুড়ে প্রয়োজনীয় ফ্রেম তৈরির কাজ চলে। ১০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে টেরাকোটা ও ম্যুরালের ফ্রেম তৈরির কাজ এবং লবির সৌন্দর্য বর্ধনের কাজ শেষ করা হয়। অন্যদিকে শিল্পী দুলাল চন্দ্র গাইন এর নিবিড় তত্বাবধানে তাঁর নিজস্ব স্টুডিওতে ম্যুরালের মূল প্রতিকৃতি তৈরি করা হয়। ম্যুরাল ও টেরাকোটায় ব্যবহৃত দ্রব্যাদির সর্বোচ্চ গুণগত মান নিশ্চিত করার জন্য কমিটির সদস্যগণ সরেজমিনে ০৫ (পাঁচ) বার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে অবস্থিত শিল্পীর স্টুডিও পরিদর্শন করেন। প্রতিকৃতিটি বার বার পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ এবং গুণগতমান নিশ্চিত করার পর ২০ অক্টোবর ২০১৮খ্রি. তারিখে পরিসংখ্যান ভবনে প্রস্তুতকৃত ফ্রেমে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ম্যুরাল স্থাপনে দেশসেরা বিশেষজ্ঞ কারিগর দ্বারা ম্যুরালটি ফ্রেমে প্রতিস্থাপন করা হয়।

ম্যুরাল উন্মোচন

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী ও কমিটির আহ্বায়ক জনাব মো: দিলদার হোসেন, উপসচিব এবং তার টিমের ঐকান্তিক প্রচেষ্টার ফলে ম্যুরালটি সর্বসাধারণের জন্য উন্মুক্তের দিনক্ষণ ঠিক করা হয়। জনাব আ হ ম মুস্তফা কামাল, *এফসিএ, এমপি,* মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক ২৯ অক্টোবর ২০১৮ খ্রি. তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর সকল গ্রেডের কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতিতে আরম্ভরপূর্ণ আনুষ্ঠানিকতার মাধ্যমে জাতির পিতার নবনির্মিত ম্যুরালটি উন্মোচন করা হয়। উক্ত অনুষ্ঠানে জনাব এম.এ মান্নান, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার দেশসেরা সাংবাদিকগণ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

গত ২৯ অক্টোবর ২০১৮ খ্রি. তারিখে পরিসংখ্যান ভবন এর লবিতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি সুবিস্তৃত ম্যুরাল স্থাপন করা হয়। পরিকল্পনা মন্ত্রণারয়ের মাননীয় মন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ম্যুরালটি আনুষ্ঠানিকভাবে উম্মোচন করেন।

(বিবিএস-বার্ষিক প্রতিবেদন ২০১৮ থেকে)